ক্লোজআপ ওয়ান

তোমাকে খুঁজছে বাংলাদেশ

ক্লোজআপ এবার আপনাকেই খুঁজছে। আপনি দেশের যেকোনো প্রান্তেই থাকেন না কেন, সংগীত প্রতিভা থাকলে হয়ে যেতে পারেন তারকা। ইউনিলিভার বাংলাদেশের চেয়ারম্যান এমডি সঞ্জীব মেহতার উদ্বোধনী ঘোষণার মধ্য দিয়ে দেশের এ যাবৎকালের সবচেয়ে বড় সংগীত প্রতিভা অন্বেষণ কর্মসূচি ক্লোজআপ ওয়ান শুরু হলো। উদ্বোধন ঘোষণার আগে বক্তব্যে সঞ্জীব মেহতা বলেন, 'ক্লোজআপ ওয়ানের সঙ্গে আমরা বাংলাদেশের তরুণ সংগীত শিল্পীদের স্বপ্নপূরণের যাত্রা শুরু করলাম। তরুণরাই দেশের ভবিষ্যৎ আশা এবং আকাঙ্ক্ষার প্রতীক, একটি যথাযথ প্ল্যাটফর্ম তাদের প্রতিভার পরিপূর্ণ বিকাশে সহায়তা করতে পারে।'

ইউনিলিভারের ব্র্যান্ড ডেভেলপমেন্ট ডিরেক্টর নওশাদ চৌধুরী বলেন, এ মুহূর্তে

দেশের তরুণদের চাহিদা পূরণের জন্য ক্লোজআপই ব্র্যান্ড হিসেবে সবচেয়ে এগিয়ে। ক্লোপআপ মানে বাংলাদেশের তরুণদের আগ্রহ এবং উৎসাহের ক্ষেত্র। তরুণদের জন্য এ ধরনের প্রতিযোগিতার ধারণা প্রথম শুরু হয় ২০০৩-এ। প্রথম বছরে ক্লোজআপ ওয়ানের বিষয় ছিল ফ্যাশন ডিজাইন এবং গল্প লেখা। পরবর্তী বছরে বিষয় ছিল কবিতা রচনা এবং টি-শার্ট ডিজাইনিং। তারুণ্য সংগীত অবিচ্ছেদ্য এবং সবচেয়ে আবেগঘন সম্পর্কের বহিঃপ্রকাশ- এই অন্তর্দৃষ্টি নিয়েই পূর্ববর্তী বছরের তুলনায় আরো বড়, আরো উজ্জ্বলতায় এ বছরের ক্লোজআপ ওয়ান আয়োজিত হচ্ছে সংগীত প্রতিভা অন্বেষণের কর্মসূচি নিয়ে।

ইউবিএলের মার্কেটিং ম্যানেজার আসিফ ইকবাল প্রতিযোগিতার বিভিন্ন ধাপ এবং কাঠামো ব্যাখ্যা করেন। ১৬ থেকে ৩০ বছর বয়সের যেকোনো বাংলাদেশী তরুণ-তরুণী কল সেন্টার ০১১-১২১১২৩ নম্বরে ডায়াল করে বা www.closeup1.com সাইটে লগইন করে রেজিস্ট্রেশনের মাধ্যমে এ প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে।

দেশের ১১টি স্থানে প্রাথমিকভাবে এ প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। সংগীত ব্যক্তিত্ব আহমেদ ইমতিয়াজ বুলবুল, কুমার বিশ্বজিৎ এবং শাকিলা জাফর বিচারক হিসেবে থাকতে তাদের সম্মতি জ্ঞাপন করেছেন। একটি যুগ্ম বিচার প্রক্রিয়ার মাধ্যমে বিচারকদের বাইরে দর্শকরাও এসএমএসের সাহায্যে ভোট দিয়ে এ অনুষ্ঠানে অংশ নিতে পারবে। সিটিসেল ইতিমধ্যে তাদের সম্মতি প্রদান করেছে এবং অন্যান্য শীর্ষস্থানীয় মোবাইল কোম্পানিও শিগগিরই এ ব্যাপারে তাদের অংশগ্রহণ নিশ্চিত করতে যাচ্ছে।

প্রতিযোগিতায় বিজয়ী ব্যক্তি পাবেন পাঁচ লাখ টাকার অ্যালবাম কন্ট্রাক্ট, একজন সঙ্গীসহ চার দিনের জন্যে বিদেশ ভ্রমণের সুযোগ এবং আরো অনেক আকর্ষণীয় পুরস্কার। এর সঙ্গে ক্লোজআপ ওয়ান বিজয়ীর জন্য থাকছে দেশের বিভিন্ন খ্যাতনামা শিল্পীদের সঙ্গে দেশ-বিদেশে কনসার্টে অংশগ্রহণের সুযোগ।

সিঙ্গারের নতুন শোরুম

২৬ এপ্রিল নরসিংদীর পলাশে সিঙ্গারের নতুন শোরুম যৌথভাবে উদ্বোধন করেন সিঙ্গার বাংলাদেশ লিমিটেডের ডিরেক্টর অ্যান্ড চিফ অপারেটিং অফিসার এএম হামিম রাহমাতউল্লাহ এবং কোম্পানির মার্কেটিং ডিরেক্টর সাজিদুর রহমান খান।

এ সময় আরো উপস্থিত ছিলেন সিঙ্গার বাংলাদেশ লিমিটেডের ন্যাশনাল সেল্‌স ম্যানেজার মকবুলে হুদা চৌধুরী, এরিয়া ম্যানেজার (নর্থ-ইস্ট) রফিকুল হাসান, ডিস্ট্রিক্ট ম্যানেজার মাহমুদুর রহমান এবং আমন্ত্রিত অতিথিবৃন্দ ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তি।

দেশব্যাপী সেল্‌স নেটওয়ার্ক বিস্তৃত করার যে প্রয়াস সিঙ্গার বাংলাদেশ ম্যানেজন্ট গ্রহণ করেছে, পলাশ বিক্রয় কেন্দ্র উদ্বোধন তারই উদাহরণ। উল্লেখ্য, এ বছর জানুয়ারি মাস থেকে এ পর্যন্ত দেশব্যাপী সিঙ্গার সেল্‌স নেটওয়ার্কের মোট ১৬টি নতুন শোরুম সংযুক্ত হয়েছে।

মধুমতি মডেল টাউনের কার্যক্রম

চট্টগ্রাম জেলার মীরসরাই উপজেলার সরকার হাট এনআর উচ্চ বিদ্যালয়ে অনুষ্ঠিত পবিত্র ঈদে মিলাদুন্নবী (সাঃ)-এ প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন শিল্পপতি, সমাজ সেবক, লেখক-কলামিস্ট, মধুমতি মডেল টাউনের ডিএমডি ও স্পন্সর ডিরেক্টর এমএম এমরান চৌধুরী।

যুবক ট্যুরিজম-পর্যটন কর্পোরেশন সভা

মহাখালীর হোটেল অবকাশের বাংকোয়েট হলে যুবক ট্যুরিজম লিমিটেডের উদ্যোগে ও বাংলাদেশ পর্যটন কর্পোরেশনের সহযোগিতায় আয়োজন করা হয় আলোচনা সভার। সভায় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন যুবক ট্যুরিজম লিমিটেডের চেয়ারম্যান হোসাইন আল মাসুম, পর্যটন কর্পোরেশনের মহাব্যবস্থাপক (প্রশাসন) মুহম্মদ আহসান উল্লাহ, ট্যুরিজম ডেভেলপারস এসোসিয়েশন অব বাংলাদেশের সভাপতি জামিল আহমেদ,

ট্যুরিজম অপারেটরস এসোসিয়েশন অব বাংলাদেশের সভাপতি ফরিদুল হক ও সেলিনা মোমেন প্রমুখ।

বাংলালিংকের মিউজিক অ্যালবাম

৩০ এপ্রিল বসুন্ধরা সিটি শপিং মলে বিপুলসংখ্যক ভক্ত ও মিডিয়া সদস্যের উপস্থিতিতে এক বর্ণাঢ্য অনুষ্ঠানের মাধ্যমে হাবিবের নতুন সংগীত অ্যালবাম 'ময়না গো' উদ্বোধন করা হয়। অ্যালবামটি শুধু বাংলালিংকের জন্য বিশেষভাবে রেকর্ড করা হয়েছে।

দুটি সফল অ্যালবামের পর 'ময়না গো' হাবিবের তৃতীয় অ্যালবাম এবং হাবিবের সঙ্গে বাংলালিংকের এটিই প্রথম আয়োজন। অ্যালবামে ৯টি নতুন গানের মধ্যে এই প্রথম শিল্পীর নিজের কণ্ঠের দুটি গান রয়েছে। এর সঙ্গে রয়েছে বাংলালিংকের হিট থিম মিউজিক।

অনুষ্ঠানে বক্তব্য দিতে গিয়ে বাংলালিংকের মার্কেটিং ডিরেক্টর ওমর রশিদ বলেন, 'ময়না গো' বাংলালিংকের একটি এক্সক্লুসিভ মিউজিক সিডি এবং এটি শুধু বাংলালিংকের প্রিপেইড সংযোগের সঙ্গে পাওয়া যাবে। তিনি বলেন, এই সপ্তাহ থেকে বাংলালিংকের সব এক্সক্লুসিভ বিক্রয়কেন্দ্র থেকে যেকোনো একটি প্রিপেইড সংযোগ (মোবাইল টু মোবাইল এবং স্ট্যান্ডার্ড) কিনলেই বিনামূল্যে এই নতুন অ্যালবামটির একটি সিডি পাওয়া যাবে।

বাংলালিংকই প্রথম, যারা অন্যান্য গ্রাহক সেবা সুবিধার পাশাপাশি এসএমএস ভিত্তিক চ্যাটের অফার দিয়েছে এবং প্রতিটি নতুন সংযোগের সঙ্গে ১০০০ ফ্রি এসএমএস সুবিধা চালু করেছে। এ বছর ফেব্রুয়ারি মাসে বাংলালিংক কার্যক্রম চালু করার পর থেকে সারা দেশ থেকে ব্যাপক সাড়া পেয়েছে এবং মাত্র ৩ মাসের মধ্যে এর গ্রাহক সংখ্যা ৩ লাখ হয়েছে।

একটেল কুইজ কনটেস্ট

অন্যতম শীর্ষস্থানীয় জিএসএম মোবাইল সেবাদানকারী প্রতিষ্ঠান একটেল ১০ থেকে ১৭ ফেব্রুয়ারি পর্যন্ত ভ্যালেন্টাইন কুইজ কনটেস্ট ও এনটিভিতে একটেলের সৌজন্যে পরিবেশিত ভ্যালেন্টাইন ডে'র বিশেষ নাটকের ওপর ভিত্তি করে ১৪ থেকে ১৭ ফেব্রুয়ারি পর্যন্ত পরিচালিত এক এসএমএস কুইজ কনটেস্ট পরিচালনা করে। এটি ছিল নাটকের মাধ্যমে দেশব্যাপী প্রথম কুইজ কনটেস্ট অনুষ্ঠান। সম্প্রতি একটেলের মার্কেটিং অফিসে আয়োজিত এক অনুষ্ঠানের মাধ্যমে কুইজ কনটেস্টে বিজয়ী ১০ জন প্রতিযোগীর হাতে পুরস্কার তুলে দেয়া হয়। বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন মিঃ ওয়াটসন। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন হোসে রাভী, জেনারেল ম্যানেজার, মার্কেটিং; মিস সানিয়া মাহমুদ, এজিএম, মার্কেটিং; আব্রাহাম কায়কোবাদ, সিনিয়র ম্যানেজার, প্রোডাক্ট ডেভেলপমেন্ট; সৈয়দ তানজিন হক, সিনিয়র এসিস্ট্যান্ট ম্যানেজার, ব্র্যান্ড অ্যান্ড অ্যাডভার্টাইজিং অ্যান্ড প্রমোশন; মিস তানিয়া জাফর, মার্কেটিং এক্সিকিউটিভ প্রমুখ।